# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৯৩

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

## আরবী

وَعَنْهَا قَالَتْ: مَا شَبِعَ آلُ مُحَمَّدٍ يَوْمَيْنِ مِنْ خُبْزِ بُرٍّ إِلَّا وَأَحَدُهُمَا تمر

## বাংলা

৪১৯৩-[৩৫] উক্ত রাবী ['আয়িশাহ্ সিদ্দিকা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পরিবার-পরিজন এক নাগাড়ে দু’দিন আটার রুটি দ্বারা পরিতৃপ্ত হতে পারেননি; বরং দু’ দিনের এক দিন খেজুর (খেয়ে থাকতে হত)। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৪৩৮, মুসলিম (২৯৭১)-২৫, ইবনু মাজাহ ৩৩৪৪, মুসনাদে আহমাদ ২৬৩৬৭, নাসায়ী ৪৪৩২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩২৬৫, মুসনাদে আবূ ইয়া‘লা ৪৫৩৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مَا شَبِعَ آلُ مُحَمَّدٍ يَوْمَيْنِ مِنْ خُبْزِ بُرٍّ إِلَّا وَأَحَدُهُمَا تَمْرٌ) “মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পরিবার তৃপ্তি সহকারে দু’দিন গমের রুটি খাননি তবে তাদের একদিন থাকতো খেজুর”। অর্থাৎ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরিবারের লোকজন একদিন গমের রুটি খেলে আরেকদিন খেজুর খেতেন। এতে জানা গেল, তারা একদিন তৃপ্তি সহকারে খেলে আরেকদিন তৃপ্তি সহকারে খেতে পারতেন না। যেমনটি শামায়িলে বর্ণিত হয়েছে, “রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ধারাবাহিকভাবে দু’দিন তৃপ্তি সহকারে যবের রুটি খাননি। এটাই ছিল মৃত্যু পর্যন্ত তার অবস্থা।” (মিরক্বাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১১শ খন্ড, হাঃ ৬৪৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74916

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন